



শেখ হাসিনার দর্শন সব মানুষের উন্নয়ন
বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়
বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ
www.baera.gov.bd



স্মারক নম্বর: ৩৯.০৭.০০০০.০০১.১৬.০০৫.১৯.৬

তারিখ: ২৫ শ্রাবণ ১৪২৮

০৯ আগস্ট ২০২১

বিষয়: বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন (বই) আকারে প্রকাশের জন্য বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের তথ্য প্রেরণ প্রসঙ্গে।

সূত্র: ৩৯.০০.০০০০.০০২.১৬.০৩১.২০.১৭৬; তারিখ: ১৫ জুলাই ২০২১

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক প্রতিবেদন (বই) আকারে প্রকাশের জন্য বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের তথ্য পরবর্তী কার্যব্যবস্থার জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযোজন:- বর্ণনামতে।

৯-৮-২০২১

প্রকৌশলী মোঃ মোজাম্মেল হক
চেয়ারম্যান

সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়,
ঢাকা-১০০০ (উপসচিব, অধিশাখা/শাখা-২, বিজ্ঞান ও
প্রযুক্তি মন্ত্রণালয়)

স্মারক নম্বর: ৩৯.০৭.০০০০.০০১.১৬.০০৫.১৯.৬/১(১১)


তারিখ: ২৫ শ্রাবণ ১৪২৮

০৯ আগস্ট ২০২১

সদস্য অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সদস্য (রুটিন দায়িত্ব), পুরকৌশল ও ভৌত অবকাঠামো নিরাপত্তা দপ্তর, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
- ২) পরিচালক, প্রশিক্ষণ ও নিবন্ধীকরণ বিভাগ, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
- ৩) পরিচালক (রুটিন দায়িত্ব), নিউক্লিয়ার সেফটি, সিকউরিটি এন্ড সেফগার্ড বিভাগ, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
- ৪) পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
- ৫) পরিচালক, বিকিরণ নিয়ন্ত্রণ বিভাগ, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
- ৬) মুখ্য প্রকৌশলী, বিকিরণ নিয়ন্ত্রণ বিভাগ, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
- ৭) মুখ্য প্রকৌশলী, নিউক্লিয়ার সেফটি, সিকউরিটি এন্ড সেফগার্ড বিভাগ, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
- ৮) প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, নিউক্লিয়ার সেফটি, সিকউরিটি এন্ড সেফগার্ড বিভাগ, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

- ৯) মুখ্য প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন ও সংস্থাপন বিভাগ, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
১০) সিনিয়র হিসাবরক্ষণ কর্মকর্তা, অর্থ বিভাগ, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ
১১) একান্ত সচিব (ব্লুটিন দায়িত্ব), চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ



৯-৮-২০২১

সোমা শীল

মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা, বাপশনিক

বার্ষিক প্রতিবেদন অর্থবছর ২০২০-২১



বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ

ই-১২/এ, আগারগাঁও, পোষ্ট বক্স নং- ২৪০, ঢাকা- ১২০৭

ইমেইলঃ info@baera.gov.bd

ওয়েবসাইটঃ www.baera.gov.bd

পটভূমি:

স্বাধীনতার পর থেকেই বাংলাদেশে চিকিৎসা, শিল্প, গবেষণা এবং কৃষিখাতে নিউক্লীয় বিজ্ঞান ও প্রযুক্তি ব্যাপকভাবে ব্যবহৃত হয়ে আসছে। জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর বলিষ্ঠ নেতৃত্বে ১৯৭১ সালে স্বাধীনতা অর্জনের পর দেশে নিউক্লীয় বিজ্ঞান ও প্রযুক্তির শান্তিপূর্ণ ব্যবহার ত্বরান্বিত করার জন্য ১৯৭৩ সালে মহামান্য রাষ্ট্রপতির আদেশক্রমে (১৯৭৩ সালের ১৫নং আইন) বাংলাদেশ পরমাণু শক্তি কমিশন প্রতিষ্ঠিত হয়েছিল। বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের দায়িত্বে বিকিরণের ক্ষতিকর প্রভাব থেকে জনসাধারণ ও পরিবেশের সুরক্ষার জন্য সরকার কর্তৃক ১৯৯৩ সালে পারমাণবিক নিরাপত্তা ও বিকিরণ নিয়ন্ত্রণ (পানিবিনি) আইন, ১৯৯৩ জারী করা হয় এবং পরবর্তীতে এতদসংক্রান্ত পানিবিনি বিধিমালা-১৯৯৭ প্রজ্ঞাপিত হয়। “২০২১ সালের মধ্যে সবার জন্য বিদ্যুৎ” বিষয়টি বিবেচনায় নিয়ে বর্তমান সরকার রূপপুরে দেশের প্রথম পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণের সিদ্ধান্ত গ্রহণ করেছে এবং সরকারের অগ্রাধিকার প্রাপ্ত ছয়টি (০৬) প্রকল্পের মধ্যে এটিকে চিহ্নিত করা হয়েছে। রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র এবং দেশের অন্যান্য নিউক্লীয় ও বিকিরণ স্থাপনাসমূহের যথাযোগ্য নিরাপত্তা ও নিয়ন্ত্রণ সুনিশ্চিত করার লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার পানিবিনি আইন, ১৯৯৩ বাতিল ও সংহতকরণপূর্বক বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ আইন, ২০১২ প্রণয়ন করেন। উক্ত আইন মোতাবেক গত ১২ ফেব্রুয়ারী ২০১৩খ্রি. তারিখে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ প্রতিষ্ঠিত হয়।

রূপকল্প (Vision) :


একটি নির্ভরযোগ্য নিয়ন্ত্রণমূলক ব্যবস্থা প্রতিষ্ঠার মাধ্যমে পরমাণু শক্তির নিরাপদ ও শান্তিপূর্ণ ব্যবহারের ক্ষেত্রে দীর্ঘমেয়াদি নিয়ন্ত্রণ, সুরক্ষা ও স্থিতিশীলতা নিশ্চিতকরণ।

অভিলক্ষ্য (Mission) :

জনসাধারণ এবং বিকিরণ কর্মীদের জীবন ও স্বাস্থ্য সুরক্ষা এবং পরিবেশে বিরূপ প্রতিক্রিয়া নিয়ন্ত্রনের নিমিত্ত নিরাপত্তা, সিকিউরিটি, বিকিরণ সুরক্ষা ও সেফগার্ডস সংশ্লিষ্ট নিউক্লীয় নিয়ন্ত্রণমূলক কর্মসূচীর যথাযথ প্রতিপালন।

কর্তৃপক্ষের সাংগঠনিক কাঠামোর বিবরণ

বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ-এর প্রস্তাবিত সাংগঠনিক কাঠামোতে অন্তর্ভুক্ত ৩৬০ টি পদের মধ্যে একজন চেয়ারম্যান ও চারজন সদস্যসহ মোট ১৩২ টি পদ সৃজিত হয়েছে। তার মধ্যে ৯২ টি পদে কর্মকর্তা/কর্মচারী কর্মরত রয়েছেন।



কর্তৃপক্ষের প্রধান কার্যাবলিঃ

১. দেশে নিউক্লীয় নিরাপত্তা ও বিকিরণ সুরক্ষার জন্য বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ আইন, ২০১২ এবং তদাধীন প্রণীত বিধিমালা ও প্রবিধানমালার পরিপূর্ণ বাস্তবায়ন;
২. বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ আইন, ২০১২ এর ধারা-১৮ অনুযায়ী সকল ধরনের নিউক্লীয় ও বিকিরণ স্থাপনা এবং নিউক্লীয় ও তেজস্ক্রীয় পদার্থ এবং এদের বর্জ্য ও বিকিরণ উৎপন্নকারী যন্ত্রপাতির অনুমোদন প্রদান, অব্যাহতি প্রদান, স্থগিত এবং বাতিলকরণ;
৩. আয়নায়নকারী বিকিরণ এর সম্ভাব্য ঝুঁকির বিষয়ে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে সকল অংশীজনদের সাথে সভা, সেমিনার ও কর্মশালার আয়োজন এবং ইলেক্ট্রনিক, প্রিন্টমিডিয়া ও ইন্টারনেটের মাধ্যমে তথ্য প্রদান ও পরামর্শ;
৪. নিউক্লীয় ও বিকিরণ স্থাপনাসহ সকল নিউক্লীয় ও তেজস্ক্রীয় পদার্থের ভৌত সুরক্ষা, সেফগার্ডস এবং অবৈধ পাচারসহ নিউক্লীয় ও বিকিরণ নিরাপত্তা ও রেডিওলজিক্যাল জরুরী ব্যবস্থা সম্পর্কিত আন্তর্জাতিক চুক্তি, এগ্রিমেন্ট, প্রটোকল ও কনভেনশন বাস্তবায়ন সম্পর্কিত কার্যক্রম পরিচালনা;
৫. নিউক্লীয় ও বিকিরণ নিরাপত্তা বিষয়ে বিদেশী নিউক্লীয় নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ এবং আন্তর্জাতিক সংস্থা ও এজেন্সীর সাথে পারস্পরিক যোগাযোগ ও সহযোগিতা এবং
৬. কর্মকর্তা/কর্মচারীদের জন্য মানবসম্পদ উন্নয়ন, প্রশিক্ষণ কর্মসূচী গ্রহণ ও পরিচালনা।

কর্মকর্তা-কর্মচারীগণের দায়িত্ব এবং সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ার বিবরণঃ


বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ আইন, ২০১২-এর ধারা ১১ ও পানিবিধি বিধিমালা-১৯৯৭ অনুযায়ী কর্তৃপক্ষের কর্মকর্তা/কর্মচারীগণ তাঁদের উপর ন্যস্ত দায়িত্ব পালন করেন।

কর্তৃপক্ষের সকল নিয়ম-কানুন, আইন, অধ্যাদেশ, বিধিমালা, প্রবিধানমালা, প্রজ্ঞাপন, নির্দেশনা, ম্যানুয়াল, ইত্যাদির তালিকাসহ উহার নিকট রক্ষিত তথ্যসমূহের শ্রেণী-বিন্যাসঃ

আইন: বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ আইন, ২০১২ (২০১২ সনের ১৯ নং আইন);

বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ আইন, ২০১২ এর ইংরেজি সংস্করণ “The Bangladesh Atomic Energy Regulatory Act, 2012 (Act No 19 of 2012)” (১৭ সেপ্টেম্বর ২০১৭ তারিখে প্রকাশিত);

বিধিমালা: পারমাণবিক নিরাপত্তা ও বিকিরণ নিয়ন্ত্রণ বিধিমালা ১৯৯৭ (এস আর ও নম্বর ২০৫- আইন/৯৭ ইং);



(সোমা শীল)

মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা

পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ, বাপশনিক

পৃষ্ঠা: ৩/২৮

মুদ্রণ তারিখ: সোমবার, ৯ আগস্ট ২০২১

প্রবিধানমালা: বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের কর্মচারী চাকুরী প্রবিধানমালা, ২০১৯ (গত ৩১ মে ২০১৯ ইং তারিখে বাংলাদেশ গেজেটে প্রজ্ঞাপিত);

নীতিমালা: বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের নৈতিক নীতিমালা (ফেব্রুয়ারি ২০১৮ তারিখে প্রকাশিত);

নির্দেশিকা: বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের তথ্য প্রকাশ নির্দেশিকা ২০১৮ (হালনাগাদকৃত ২০২০)।

কর্তৃপক্ষের নিকট হতে কোন ব্যক্তি যে সকল শর্তে লাইসেন্স, পারমিট, অনুদান, বরাদ্দ, সম্মতি, অনুমোদন বা অন্য কোন প্রকার সুবিধা গ্রহণ করতে পারবেন তার বিবরণ এবং উক্তরূপ শর্তের কারণে তার সাথে কোন প্রকার লেনদেন বা চুক্তি সম্পাদনের প্রয়োজন হলে সেই সকল শর্তের বিবরণ:

লাইসেন্সের গ্রহণের শর্ত:

- চেয়ারম্যান, বাপশনিক-এর বরাবরে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ আইন, ২০১২ এবং পারমাণবিক নিরাপত্তা ও বিকিরণ নিয়ন্ত্রণ (পানিবিনি) বিধিমালা, ১৯৯৭ অনুযায়ী লাইসেন্স গ্রহণের আবেদন;
- (পানিবিনি) বিধিমালা, ১৯৯৭ এর বিধি ১০ অনুযায়ী আয়নায়নকারী বিকিরণ সংশ্লিষ্ট কর্মকান্ডের যৌক্তিকতা;
- পারমাণবিক নিরাপত্তা ও বিকিরণ বিধিমালা, ১৯৯৭ এর তফসিল ৪.১ হতে ৪.৮ এ প্রদত্ত শ্রেণীভেদে বর্ণিত ফরমে আবেদন;
- সংশ্লিষ্ট লাইসেন্সের জন্য তফসিল ৬ এ বর্ণিত নির্ধারিত ফী;
- (পানিবিনি) বিধিমালা, ১৯৯৭ এর বিধি ১০.১ (ঘ) অনুযায়ী নিরাপত্তা ও নিয়ন্ত্রণ এর শর্তাবলী;
- বিধি ১০.১ এর (ঙ) অনুযায়ী আর্থিক সঙ্গতি, (চ) অনুযায়ী দক্ষ ও যোগ্য মানবসম্পদ; এবং
- সংশ্লিষ্ট লাইসেন্সের জন্য আইন ও বিধিমালা অনুযায়ী অন্যান্য প্রয়োজনীয় ডকুমেন্ট ও কর্তৃপক্ষ কর্তৃক আরোপিত নিউক্লীয় ও বিকিরণ সংশ্লিষ্ট অন্যান্য সকল শর্ত মেনে চলা।

পারমিট গ্রহণের শর্ত:

- চেয়ারম্যান, বাপশনিক-এর বরাবরে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ আইন, ২০১২ এবং পারমাণবিক নিরাপত্তা ও বিকিরণ নিয়ন্ত্রণ (পানিবিনি) বিধিমালা, ১৯৯৭ অনুযায়ী পারমিট গ্রহণের আবেদন;
- (পানিবিনি) বিধিমালা, ১৯৯৭ এর বিধি ১১.২ অনুযায়ী আয়নায়নকারী বিকিরণ সংশ্লিষ্ট উৎসের আমদানী ও রপ্তানী পারমিটের প্রয়োজ্য চাহিদা পূরণ;
- পারমাণবিক নিরাপত্তা ও বিকিরণ বিধিমালা, ১৯৯৭ এর তফসিল ১৮ এ প্রদত্ত ফরমে আবেদন;
- সংশ্লিষ্ট পারমিটের জন্য তফসিল ৭ এ বর্ণিত নির্ধারিত ফী;

এন ও সি গ্রহণের শর্ত:

নিম্নোক্ত শর্তে কাস্টমস থেকে খালাসের জন্য এন ও সি গ্রহণ করতে হয়;

Sushil

(সোমা শীল)

মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা

পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ, বাপশনিক

- বিকিরণ উৎপন্ন করে না কিন্তু বিকিরণ যন্ত্রের সাথে সংশ্লিষ্ট মেশিনসমূহ;
- Spent Radioactive Sources;
- Empty Transport Container;
- Film Auto Processor Radiographic Equipment ইত্যাদি যা বিকিরণ সংশ্লিষ্ট নয়।

নাগরিকদের তথ্য অধিকার নিশ্চিত করার জন্য প্রদত্ত সুবিধাদির বিবরণ এবং দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম,পদবী, ঠিকানা এবং প্রযোজ্য ক্ষেত্রে ফ্যাক্স নম্বর ও ই মেইল ঠিকানাঃ

নাগরিকদের তথ্য অধিকার নিশ্চিত করার জন্য প্রদত্ত সুবিধাদির বিবরণ এবং দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম,পদবী, ঠিকানা এবং প্রযোজ্য ক্ষেত্রে ফ্যাক্স নম্বর ও ই মেইল ঠিকানাঃ

ক্রমিক নং	সংস্থার নাম	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম ও পদবী	ফোন, মোবাইল, ফ্যাক্স, ই-মেইল নম্বর	যোগাযোগের ঠিকানা
আপীল কর্মকর্তা				
১।	বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (বাপশনিক)	প্রকৌঃ মোঃ মোজাম্মেল হক, চেয়ারম্যান	টেলিফোন : ৮৮-০২- ৮১৮১৯২২ ৮৮-০২- ৮১৮১৩৮৬ মোবাইল : ০১৮১৯-২৪৭৫৭৭ ফ্যাক্স : ৮৮-০২-৮১৮১০১৫ ই-মেইল: chairman@baera.gov.bd mmhaque00@yahoo.com	বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, অথরিটি ভবন, ই-১২/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭।
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা				
২।	বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (বাপশনিক)	মোঃ আফছার উদ্দিন, মুখ্য প্রশাসনিক কর্মকর্তা	টেলিফোন: ৮৮-০২-৮১৮১০৪০ মোবাইল: ০১৬৮৩-৮৫৭১৫২ ফ্যাক্স: ৮৮-০২-৮১৮১০১৫ ই-মেইল: auddin@baera.gov.bd.com	বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, অথরিটি ভবন, ই-১২/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭।
বিকল্প দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা				
	বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ (বাপশনিক)	মোঃ আইয়ুব আলী সেক, এ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার	টেলিফোন:৮৮-০২-৮১৮১৯২২ মোবাইল: ০১৯১১-৭০৭০৩২ ফ্যাক্স: ৮৮-০২-৮১৮১০১৫ ই-মেইল: aiubsheak@gmail.com	বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, অথরিটি ভবন, ই-১২/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭।

২০২০-২০২১ অর্থবছরের উল্লেখযোগ্য কার্যাবলী:

প্রশিক্ষণ ও নিবন্ধীকরণ বিভাগ এর কার্যাবলী:

বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ আইন, ২০১২ এবং পারমাণবিক নিরাপত্তা ও বিকিরণ নিয়ন্ত্রণ বিধিমালা ১৯৯৭ অনুযায়ী বর্ণিত বিভাগ জনসাধারণ, বিকিরণ কর্মী ও পরিবেশের উপর আয়নায়নকারী বিকিরণের ঝুঁকি হ্রাসের লক্ষ্যে সুষ্ঠুভাবে বিকিরণ উৎস ব্যবহারের নিমিত্ত বিকিরণ কর্মী ও বিকিরণ নিয়ন্ত্রণ কর্মকর্তাদের প্রশিক্ষণ প্রদান করে আসছে। উল্লেখিত প্রশিক্ষণ সমাপ্তির পর বর্ণিত বিভাগ পরীক্ষা গ্রহণ করে এবং সন্তোষজনক ফলাফলের ভিত্তিতে বিকিরণ নিয়ন্ত্রণ কর্মকর্তাদের (RCO) সনদ প্রদান করে থাকে।

বর্ণিত বিভাগ কর্তৃক ২০২০-২১ অর্থবছরে ফ্যাসিলিটি অপারেটরদের জন্য আয়োজিত বিকিরণ সংক্রান্ত প্রশিক্ষণ কোর্স/কর্মশালা:

- প্রশিক্ষণ কোর্সের সংখ্যা: ৫ টি
- প্রশিক্ষণে অংশগ্রহণকারীর সংখ্যা: ১৩৬ জন

পারমাণবিক নিরাপত্তা, সুরক্ষা ও সেফগার্ড বিভাগ এর কার্যাবলী:

- রূপপুর NPP-এর Updated Preliminary Safety Analysis Report (PSAR)-এর Review and Assessment কার্যক্রম চলমান।
- বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্তৃক নিয়োজিত ৪ (চার) জন জুনিয়র কনসালটেন্ট দ্বারা রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্পের ইউনিট-০১ এবং ইউনিট-০২ -এর রিঅ্যাক্টর ভবনসহ অন্যান্য সহায়ক ভৌত ও অবকাঠামোগত উন্নয়নে নিয়ন্ত্রণমূলক তদারকি ও কাজের মান যাচাই কার্যক্রম চলমান।
- সাভারে অবস্থিত সেন্টার ফর রিসার্চ রিঅ্যাক্টর (CRR) –এর ১ (এক) জন Radiation Control Officer (RCO)–এর সনদ নবায়ন করা হয়েছে।
- সাভারে অবস্থিত সেন্টার ফর রিসার্চ রিঅ্যাক্টর (CRR)-এর দুই (০২) জন Reactor Operator (RO) লাইসেন্স নবায়ন করা হয়েছে।
- রাশিয়ান ফেডারেশনের Rostekhnadzor-এর কিছু Regulatory documents (Regulations) বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্তৃক Adopt করার উদ্দেশ্যে নিউক্লিয়ার সেফটি সিকিউরিটি এবং সেফগার্ড বিভাগের বিজ্ঞানী/ প্রকৌশলীগণ কর্তৃক Preliminary Review এর কাজ চলমান রয়েছে।

- গত ১৯-২০ আগস্ট ২০২০ খ্রি. তারিখে ঢাকা ক্যান্টনম্যান্টে Vetting and approval of the following documents of Rooppur NPP Physical Protection System: 1. Statement of Work. 2. PPS Effectiveness Evaluation-এর জন্য একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভাটি Nuclear Safety and Physical Protection System Cell, Bangladesh Army কর্তৃক আয়োজন করা হয়। উক্ত সভায় বাপশনিক-এর নিউক্লিয়ার সেফটি, সিকিউরিটি এবং সেফগার্ড বিভাগের একজন প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা অংশগ্রহণ করেন।
- State Declarations Portal (SDP)-এর মাধ্যমে “2nd Quarterly Update Report, 2020 Under Protocol Additional to the Safeguards Agreement” রিপোর্টটি IAEA-তে পাঠানো হয়েছে।
- গত ২৪ আগস্ট ২০২০ খ্রি. তারিখে A Webinar on “Effective Vulnerability Assessment: The Key to Organizational Resilience” অনুষ্ঠিত হয়। উক্ত Webinar-টি World Institute for Nuclear Security (WINS), Vienna, Austria কর্তৃক আয়োজন করা হয়। উক্ত Webinar-এ বাপশনিক এর নিউক্লিয়ার সেফটি, সিকিউরিটি এবং সেফগার্ড বিভাগের একজন প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা অংশগ্রহণ করেন।
- গত ১২ আগস্ট ২০২০ খ্রি. তারিখে রাশিয়ান ফেডারেশনের ROSTECHNADZOR এবং SEC NRS এবং বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের নিউক্লিয়ার সেফটি, সিকিউরিটি এবং সেফগার্ড (এনএসএসএস) বিভাগের মধ্যে একটি Virtual Meeting অনুষ্ঠিত হয়। উক্ত সভায় SEC NRS Rooppur NPP-এর incoming documents review এবং Assessment-এর বিষয়ে তাদের মতামত আলোচনা করে। উক্ত সভায় বাপশনিক-এর চেয়ারম্যান মহোদয়, সদস্য মহোদয়গণ এবং এনএসএসএস বিভাগের সকল পর্যায়ের বিজ্ঞানী এবং প্রকৌশলীগণ উপস্থিত ছিলেন।
- গত ১৯ আগস্ট ২০২০ খ্রি. তারিখে “বাংলাদেশে উচ্চ ক্ষমতাসম্পন্ন পারমাণবিক গবেষণা চুল্লী স্থাপনের কারিগরী সমীক্ষা” শীর্ষক প্রকল্পের রেগুলেটরী বিভিন্ন বিষয়ে আলোচনার জন্য একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের সদস্য (ইঞ্জিনিয়ারিং) মহোদয় এবং উক্ত প্রকল্পের প্রকল্প পরিচালকসহ প্রকল্পের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ এবং বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের নিউক্লিয়ার সেফটি, সিকিউরিটি এবং সেফগার্ড (এনএসএসএস) বিভাগের পরিচালকসহ সকল পর্যায়ের বিজ্ঞানীগণ উপস্থিত ছিলেন।
- “APNS Training Survey”-এর উপর একটি রিপোর্ট Asia Pacific Safeguards Network (APSN)-এ প্রেরণ করা হয়।
- গত ২৪-২৬ আগস্ট ২০২০ খ্রি. তারিখে পরিকল্পনা কমিশনের কার্যক্রম বিভাগের আওতায় “কার্যক্রম বিভাগে একটি নতুন ডিজিটাল ডাটাবেক স্থাপনের মাধ্যমে বার্ষিক উন্নয়ন বাজেট ব্যবস্থানা শক্তিশালীকরণ” শীর্ষক প্রকল্পের আওতায় বার্ষিক উন্নয়ন কর্মসূচি এবং সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি-তে বরাদ্দ প্রদানসহ অন্যান্য

সকল কার্যক্রমে সিস্টেমে ডাটা এন্ট্রি ও অন্যান্য বিষয়ে ধারণা প্রদানের জন্য একটি প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষণ কোর্সে বাপশনিক-এর নিউক্লিয়ার সেফটি, সিকিউরিটি এবং সেফগার্ড বিভাগের একজন মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা এবং একজন উদ্ধর্তন বৈজ্ঞানিক কর্মকর্তা অংশগ্রহণ করেন।

- সাভারে অবস্থিত সেন্টার ফর রিসার্চ রিঅ্যাক্টর (CRR)-এর প্রতিনিধির সাথে কর্তৃপক্ষের এনএসএসএস বিভাগের সভা অনুষ্ঠিত হয়।
- বিগত ০১/০৯/২০২০ খ্রি. তারিখে বাপশনিক এবং JSC “VO “Safety”-এর রেগুলেটরী সহযোগিতা বিষয়ক একটি দ্বিপাক্ষিক সভা অনুষ্ঠিত হয়।
- বিগত ১৪/০৯/২০২০ খ্রি. তারিখে রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের রেগুলেটরী কার্যক্রম সংক্রান্ত বিভিন্ন ইস্যু নিয়ে কর্তৃপক্ষ এবং এনএসএসএসএস বিভাগের মধ্যে একটি সভা অনুষ্ঠিত হয়।
- বিগত ১০/০৯/২০২০ খ্রি. তারিখে বাপশনিক ও JSC “VO “Safety”-এর Contract No.2 এর Appendix No.1 সংশোধন সংশ্লিষ্ট একটি Protocol স্বাক্ষরিত হয়।
- বিগত ২৩/০৯/২০২০ খ্রি. তারিখে IAEA এর Nuclear Infrastructure Department (NID) এর সাথে বাপশনিক এর একটি সভা অনুষ্ঠিত হয় এবং তাতে নিউক্লিয়ার রেগুলেটরী ইনফ্রাস্ট্রাকচার উন্নয়ন প্রকল্পের প্রকল্প পরিচালক ড. সত্যজিৎ ঘোষ অংশগ্রহণ করেন।
- বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্তৃক নিয়োজিত ০৪ (চার) জন জুনিয়র কনসালটেন্ট রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের ইউনিট-০১ এবং ইউনিট-০২ এর inner containment wall- এর metal liner প্রস্তুতি ও সংযোজনসহ কংক্রিট ঢালাইয়ের পূর্বে এবং পরে গুণগত মান নিশ্চিতকরণের লক্ষ্যে সার্বক্ষণিকভাবে কাজ করছে। তাছাড়া ইউনিট-০১ এবং ইউনিট-০২ এর cooling toner-সমূহের ফাউন্ডেশনের নির্মাণ কাজ এবং LTME -সহ অন্যান্য যন্ত্রপাতির welding কার্যবলীর গুণগত মান নিয়মিত যাচাই করছেন।
- গত ২৭-২৮ অক্টোবর ২০২০ খ্রি. তারিখ পর্যন্ত পরমাণু শক্তি কেন্দ্র, ঢাকায় রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের Design Infracation Questionnaire (DIQ) form update করণের লক্ষ্যে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বাপশনিক-এর নিউক্লিয়ার সেফটি, সিকিউরিটি এবং সেফগার্ড বিভাগের একজন উদ্ধর্তন বৈজ্ঞানিক কর্মকর্তা অংশগ্রহণ করেন।
- রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের ইউনিট-০১ এবং ইউনিট-০২ এর inner containment wall- এর কংক্রিট ঢালাই কাজের আগে ও পরে এর গুণগত মান যাচাই করতে ল্যাবরেটরী এবং মাঠ পর্যায়ে উভয় টেস্ট করার সময় বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্তৃক নিয়োজিত ০৪ (চার) জন জুনিয়র কনসালটেন্ট উপস্থিত থেকে নিশ্চিত করেন। ঢালাইয়ের আগে কংক্রিটের তাপমাত্রা, Slump test, viscosity test ইত্যাদির মাধ্যমে গুণগত মান যাচাই করা হয়। ঢালাইয়ের পর cube করার মাধ্যমে কংক্রিটের সক্ষমতা নিণয় করা হয়। NDT test এবং বিভিন্ন strength test এবং ধাতব

কাজের মান যাচাই করতে ডাই পেনিট্রেশন টেস্ট, vacuum building test, ultrasonic test, radiographic test করার সময় জুনিয়র কনসালটেন্ট উপস্থিত থেকে তা নিশ্চিত করেন।

- গত ১৬ নভেম্বর ২০২০ খ্রি. তারিখে BAERA, NPCBL, VO Safety, ASE এবং Design Institute-এর মধ্যে একটি Virtual Meeting অনুষ্ঠিত হয়। উক্ত সভায় LTME-এর Conformity assessment এবং Preliminary Safety Analysis Report (PSAR)-এর Chapter-5: First circuit and related Systems-এর Amendment-এর বিষয়ে আলোচনা হয়।
- গত ০৯-২০ নভেম্বর ২০২০ খ্রি. তারিখে “Online Regional Training Course on State Systems of Accounting for and Control of Nuclear Material” বিষয়ে একটি Online Training Course অনুষ্ঠিত হয়। উক্ত কোর্সে NSSS বিভাগের একজন প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা অংশগ্রহণ করেন।
- গত ১২ নভেম্বর ২০২০ খ্রি. তারিখে IAEA Mission কর্তৃক পরিচালিত State Systems of Accounting for and control of Nuclear Material (ISSAS) এর বিষয়ে বাংলাদেশের প্রস্তুতি গ্রহণের নিমিত্ত IAEA-এর গাইডলাইন অনুযায়ী পারমাণবিক পদার্থ বিষয়ক Safeguards Policy প্রণয়নের নিমিত্তে প্রয়োজনীয় গাইডলাইন প্রণয়নের জন্য সংস্থা পর্যায়ে পারস্পরিক তথ্য আদান প্রদান ও পরামর্শ প্রদানের নিমিত্তে গঠিত Agency Coordination Committee এর আহ্বায়ক বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে একটি কর্মশালা অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালায় Agency Coordination Committee এর সকল সদস্য, কর্তৃপক্ষের সকল সদস্য, এবং কর্তৃপক্ষের নিউক্লিয়ার সেফটি সিকিউরিটি এন্ড সেফগার্ড বিভাগসহ সংশ্লিষ্ট সকল কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।
- গত ১৭ নভেম্বর ২০২০ খ্রি. তারিখে পারমাণবিক ও তেজস্ক্রিয় পদার্থ এবং স্থাপনাদির ভৌত সুরক্ষা সম্পর্কিত আইনী অবকাঠামো এবং এ বিষয়ে রাষ্ট্রীয় পর্যায়ে ও দায়িত্বপ্রাপ্ত সংস্থাসমূহের ভৌত সুরক্ষা ও পারমাণবিক নিরাপত্তা সংশ্লিষ্ট অবকাঠামো পর্যালোচনা ও মূল্যায়নের জন্য IAEA কর্তৃক পরিচালিত The International Physical, Protection Advisory Service (IPPAS) মিশন পরিচালনাকালে সহযোগিতা এবং সংশ্লিষ্ট কার্যক্রম বাস্তবায়নের জন্য বাংলাদেশের প্রস্তুতি গ্রহণের নিমিত্ত গঠিত ওয়ার্কিং গ্রুপের সভা অনুষ্ঠিত হয়।
- গত ২৫ নভেম্বর ২০২০ খ্রি. তারিখে বাংলাদেশে সম্ভাব্য নিউক্লিয়ার বা তেজস্ক্রিয়তা সংক্রান্ত দুর্ঘটনা বা ঘটনার প্রভাব বা ক্ষতি কার্যকরভাবে মোকাবেলার জন্য জরুরি প্রস্তুতিমূলক ব্যবস্থা, প্রতিরোধ ও প্রতিকারমূলক ব্যবস্থা গ্রহণে গৃহিত কার্যাদি এবং এ সকল কাজে দায়িত্বপ্রাপ্ত প্রতিষ্ঠান/মন্ত্রণালয়ের জাতীয় অবকাঠামো মূল্যায়নের জন্য International Atomic Energy Agency (IAEA)-এর Emergency Preparedness Review (EPREV) মিশন ২০২২ এবং পরবর্তী পর্যায়ে Follow-Up Mission পরিচালনা করতে গঠিত ওয়ার্কিং গ্রুপের প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়।

- গত ২৫ নভেম্বর ২০২০ খ্রি. তারিখে International Atomic Energy Agency (IAEA) এর গাইডলাইন অনুযায়ী পারমাণবিক পদার্থ বিষয়ক সেফগার্ডস পলিসি: National Policy for Nuclear Safeguards and Management of Nuclear Material-এর উপর National Coordination Committee for Safeguards Infrastructure-এর ১ম সভা অনুষ্ঠিত হয়।
- গত ১৭-১৮ নভেম্বর ২০২০ খ্রি. তারিখে Virtual Meeting of the Steering Committee of the Regulatory Cooperation Forum and Support Meeting with the European Commission (EVT1905538)-এ বিষয়ে একটি Virtual Meeting অনুষ্ঠিত হয়। উক্ত কোর্সে NSSS বিভাগের একজন প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা অংশগ্রহণ করেন।
- বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্তৃক নিয়োজিত ০৪ (চার) জন জুনিয়র কনসালটেন্ট রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্পের ইউনিট-০১ এবং ইউনিট-০২ এর inner containment wall-এর কংক্রিট ঢালাই কাজের আগে ও পরে এর গুনগত মান যাচাই করতে ল্যাবরেটরী এবং মাঠ পর্যায়ে উভয় টেস্ট করার সময় জুনিয়র কনসালটেন্টগণ উপস্থিত থেকে নিশ্চিত করেন। এই inner containment wall-এর +১৪.৫ মিটার থেকে +৩২.৭ মিটার উচ্চতা পর্যন্ত কংক্রিটের সক্ষমতা যাচাইয়ের জন্য non-destructive testing চলমান আছে। কর্তৃপক্ষের ০২ (দুই) জন উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তাসহ ০৪ (চার) জন জুনিয়র কনসালটেন্ট উক্ত testing কাজ পর্যবেক্ষণ করছেন। রিঅ্যাক্টর ভবন ছাড়াও রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের সামগ্রিক নির্মাণ কাজের মান নিশ্চিত করতে কর্তৃপক্ষের জুনিয়র কনসালটেন্টগণ দায়িত্ব পালন করেছেন।
- গত ৬-১১ ই ডিসেম্বর ২০২০ খ্রি. তারিখে “Design Information Verification (DIV) and Inspection at BDB-and BDA-in December 2020” শিরোনামে দুই (০২) সদস্যের IAEA এর একটি Safeguard Inspection Team বাংলাদেশে পরিদর্শন কার্যক্রম সম্পাদন করেন। উক্ত Safeguard Inspection Teamকে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের ড. সত্যজিৎ ঘোষ, প্রকল্প পরিচালকসহ মোট ০৪ (চার) জন বৈজ্ঞানিক কর্মকর্তা উক্ত প্রতিনিধি দলকে সহায়তা করেন। উক্ত পরিদর্শন টিম ৭-৮ ডিসেম্বর Rooppur Nuclear Power Plant -এর design Information Verification করেন। ৯ ডিসেম্বর সাভারে অবস্থিত রিসার্চ রিঅ্যাক্টরের Physical Inventory Verification এবং Design Information Verification (DIV) করেন। ১০ ডিসেম্বর Safeguard Inspection team এর সাথে বিজ্ঞান মন্ত্রণালয়ের প্রতিনিধি, Ministry of Foreign Affairs এর প্রতিনিধি, বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, বাংলাদেশ পরমাণু শক্তি কমিশনের প্রতিনিধি, NPCBL-এর প্রতিনিধি এবং representatives from design Institute & Atomostroyexport-এর সাথে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় মাননীয় মন্ত্রী Chief Guest হিসেবে উপস্থিত ছিলেন।
- গত ১২ জানুয়ারী ২০২১ খ্রি. তারিখে মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্বে IAEA কর্তৃক পরিচালিত The International Physical Protection Advisory Service (IPPAS) সংশ্লিষ্ট National Coordination Committee-এর সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় National Nuclear Security Policy 2020-এর উপর মতামত দেওয়া হয়। উক্ত

Sunshill

(সোমা শীল)

মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা


পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ, বাপশনিক

পৃষ্ঠা: ১০/২৮

মুদ্রণ তারিখ: সোমবার, ৯ আগস্ট ২০২১

সভায় বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের চেয়ারম্যান, প্রকল্প পরিচালক, রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের পারমাণবিক নিরাপত্তা তদারকিকরণের লক্ষ্যে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের রেগুলেটরী ইনফ্রাস্ট্রাকচার উন্নয়ন প্রকল্প এবং কর্তৃপক্ষের একজন প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা অংশগ্রহণ করেন।

- গত ২০ জানুয়ারি ২০২১ খ্রি. তারিখে IAEA-এর EPREV Mission-এর উপর মন্ত্রণালয়ে ২য় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় BAERA-এর এক জন প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ও পরিচালক মহোদয় উপস্থিত ছিলেন।
- গত ২০ জানুয়ারি ২০২১ খ্রি. তারিখে IAEA-এর IRRS Mission-এর জন্য মন্ত্রণালয় কর্তৃক গঠিত Working group-এর ১ম সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় BAERA-এর এক জন প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ও পরিচালক মহোদয় উপস্থিত ছিলেন।
- গত ৩১ জানুয়ারি ২০২১ খ্রি. তারিখে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষে IAEA-এর গাইডলাইন অনুযায়ী পারমাণবিক পদার্থ বিষয়ক Safeguards Policy প্রণয়নের জন্য প্রয়োজনীয় গাইডলাইন প্রণয়নের নিমিত্ত সংস্থা পর্যায়ে পারস্পরিক তথ্য আদান-প্রদান ও মতামত প্রদানের লক্ষ্যে গঠিত Agency Coordination Committee-এর আহ্বায়ক বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে একটি কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালায় প্রণীত খসড়া সেফগার্ডস পলিসির বিষয়ে সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদের মতামত এবং পরামর্শ বিষয়ক আলোচনা হয়। উক্ত কর্মশালায় Agency Coordination Committee-এর সকল সদস্য, কর্তৃপক্ষের সকল সদস্য এবং কর্তৃপক্ষের নিউক্লিয়ার সেফটি, সিকিউরিটি এবং সেফগার্ডস বিভাগসহ সংশ্লিষ্ট সকল কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।
- গত ২৪ জানুয়ারি ২০২১ খ্রি. তারিখে Center For Research Reactor (CRR)-এর পরিচালক মহোদয়ের Senior Reactor Operator (SRO) লাইসেন্সটি আগামী ২ (দুই) বছরের জন্য নবায়ন করা হয়েছে।
- Nuclear Safeguard Agreement-এর উপর ভিত্তি করে Safeguards Report of BDA-Facility IAEA-তে পাঠানো হয়। এ ছাড়াও Safeguard Agreement অনুযায়ী নিম্নোক্ত সমূহ পাঠানো হয়।
 - (i) AP Declaration (Quarterly Update) to IAEA based on Protocol Additional to the Safeguards Agreement.
 - (ii) ICR, MBR, PIL & Concise Note of BDZ-to IAEA based on Nuclear Safeguards Agreement.
- গত ১৭ ফেব্রুয়ারি ২০২১ খ্রি. তারিখে BAERA এবং ROSTECHNADZOR-এর মধ্যে একটি Bilateral Meeting অনুষ্ঠিত হয়। উক্ত Meeting-এ ROSTECHNADZOR -এর



(সোমা শীল)

মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা

পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ, বাপশনিক

পৃষ্ঠা: ১১/২৮


মুদ্রণ তারিখ: সোমবার, ৯ আগস্ট ২০২১

Deputy Chairman Dr. Ferapontov উপস্থিত ছিলেন। উক্ত Bilateral Meeting-এর অংশ হিসেবে Dr. Ferapontov রূপপুর সাইট visit করেন।

- রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্র নির্মাণ প্রকল্পের ইউনিট-০১ এর রিঅ্যাক্টর ভবনে ৩৬০ টন ক্ষমতা সম্পন্ন অত্যাবশ্যকীয় পোলার ক্রেন স্থাপন করা হচ্ছে। কর্তৃপক্ষের জুনিয়র কনসালটেন্টগণ তা পর্যবেক্ষণ করছেন। এই ভবনের inner containment wall-এর উপরে গম্বুজ আকারের ফ্রেম বানানোর প্রস্তুতি চলমান আছে। ফ্রেম নির্মাণ কাজ কর্তৃপক্ষের জুনিয়র কনসালটেন্টগণ তদারকি করছেন। ইউনিট-০২ এর রিঅ্যাক্টর ভবনের inner containment wall -এর কংক্রিট ঢালাই + ১৯.১০ মিটার উচ্চতা থেকে +৩২.০০ মিটার উচ্চতা পর্যন্ত সম্পন্ন হয়েছে। এর গুণগত মান নিশ্চিত করতে কর্তৃপক্ষ কর্তৃক নিয়োজিত দুইজন পুরকৌশলী কংক্রিট ঢালাইয়ের সময় এর slump value, ঘনত্ব, তাপমাত্রা, প্রবাহ ক্ষমতা ইত্যাদি নির্দিষ্ট মান অনুযায়ী হচ্ছে কিনা তা পর্যবেক্ষণ করছেন। এই inner containment অংশের ভবিষ্যৎ non-destructive testing-এর অংশ হিসেবে B60 মানের কংক্রিটের calibration curve প্রস্তুতির নিমিত্ত cube sample testing সম্পন্ন হয়েছে এবং কর্তৃপক্ষের জুনিয়র কনসালটেন্টগণ উপস্থিত থেকে তা নিশ্চিত করেছেন। 11URA cooling tower চত্বরে রেকার কলাম বসানো শুরু হয়েছে। জুনিয়র কনসালটেন্টগণ সার্বক্ষণিক এর গুণগত মান নিশ্চিত করতে বিভিন্ন ফিল্ড এবং ল্যাবরেটরী টেস্ট পর্যবেক্ষণ করেন। রিঅ্যাক্টর ভবন ছাড়াও রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের সামগ্রিক নির্মাণ কাজের মান নিশ্চিত করতে কর্তৃপক্ষের জুনিয়র কনসালটেন্টগণ দায়িত্ব পালন করছেন।
- গত ১৭ ফেব্রুয়ারি ২০২১ খ্রি. তারিখে IAEA-কর্তৃক পরিচালিত The International Physical Protection Advisory Service (IPPAS) সংশ্লিষ্ট National Coordination Committee-এর একটি সভা বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্বে এ মন্ত্রণালয়ে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের পারমাণবিক নিরাপত্তা তদারকিকরণের লক্ষ্যে বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের রেগুলেটরী ইনফ্রাস্ট্রাকচার উন্নয়ন প্রকল্পের প্রকল্প পরিচালক এবং নিউক্লিয়ার সেফটি, সিকিউরিটি এন্ড সেফগার্ড বিভাগের একজন প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা অংশগ্রহণ করেন।
- জানুয়ারি ২০১৮ – ডিসেম্বর ২০২০ পর্যন্ত Center for Research Reactor (CRR) সাভার-এর Radiation Control Officer (RCO) Report কর্তৃপক্ষ কর্তৃক মূল্যায়ন করা হয়েছে এবং উক্ত তিন বছরের RCO Report কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত হয়েছে।
- Center for Research Reactor (CRR)-এর দুইজন Radiation Control Officer (RCO)-এর RCO সনদ নবায়ন করা হয়েছে।
- গত ২৮ ফেব্রুয়ারি ২০২১ খ্রি. তারিখে International Atomic Energy Agency (IAEA)-মিশন কর্তৃক পরিচালিত State System of Accounting for and Control of Nuclear Material (ISSAS) মিশন পরিচালনকালে সহযোগিতা এবং সংশ্লিষ্ট কার্যক্রম বাস্তবায়নে অংশীজনকে sensitize করণের লক্ষ্যে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের প্রশিক্ষণ

ইনস্টিটিউটে একটি ব্রিফিং অনুষ্ঠান/কর্মশালা অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালায় বাংলাদেশ পরমাণু শক্তি নিয়ন্ত্রণ কর্তৃপক্ষের ২ জন পরিচালকসহ মোট ৪ জন প্রধান বিজ্ঞানী/প্রকৌশলী অংশগ্রহণ করেন।

- গত ২রা মার্চ ২০২১ খ্রি. তারিখে BAERA, VO Safety এবং SEC NRS-এর মধ্যে একটি Virtual meeting অনুষ্ঠিত হয়। উক্ত মিটিং-এ updated PSAR এর review and assessment ongoing regulatory activities at RNPP Site, Rooppur Site Inspection ইত্যাদি বিষয়ে বিশদ আলোচনা হয়।
